# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
কৃষি ও পল্লী ঋণ বিভাগ
www.krishibank.org.bd

সূত্রঃ বিকেবি/প্রকা/কৃপবি-৩২৫/২০২৩-২০২৪/৭১৪ তারিখঃ ০৩-০৬-২০২৪ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিম" এর আওতায় ঋণ বিতরণ এর ক্ষেত্রে ১০/৫০/১০০ টাকার হিসাব খোলাসহ ঋণ বিতরণ ও পুনঃঅর্থায়ন দাবীর ক্ষেত্রে যথাযথ নিয়ম পরিপালন প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর ০৫-০৯-২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং ০১/২০২১ এর আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে ১০/৫০/১০০ টাকার হিসাব খোলার বিষয়ে সঠিক নিয়ম পালনের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক এর সংশ্লিষ্ট বিভাগ হতে একটি ই-মেইল প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত ই-মেইলের সংযুক্ত কপিটি ইতোমধ্যে সকল বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং টেলিফোনের মাধ্যমে যথাযথ নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয়েছে। এতদসত্ত্বেও এপ্রিল/২০২৪ মাসের পুনঃঅর্থায়ন দাবীকালে সকল বিভাগের পুনঃঅর্থায়ন প্রতিবেদন পর্যালোচনায় ১০/৫০/১০০ টাকার হিসাব খোলাসহ বিভিন্ন ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হয়েছে। প্রায়শই বিভাগীয় কার্যালয় হতে প্রতি মাসের নির্ধারিত তারিখের মধ্যে সঠিকভাবে পুনঃঅর্থায়ন প্রতিবেদন প্রেরণ করা হয় না বিধায় বাংলাদেশ ব্যাংকে সঠিক সময়ে পুনঃঅর্থায়ন দাবী বিলম্বিত হয়। এফআইডি সার্কুলার নং ০১/২০২১ এর আওতায় ঋণ বিতরণ ও পুনঃঅর্থায়ন দাবীর ক্ষেত্রে যথাযথ নিয়ম পরিপালন ও সঠিক সময়ে প্রতিবেদন প্রেরণের নিমিত্ত অত্র বিভাগ হতে বিভিন্ন সময়ে মাঠ কার্যালয়ে পত্র প্রেরণ করা সত্ত্বেও শাখা কর্তৃক প্রেরিত মঞ্জুরিপত্র ও পুনঃঅর্থায়ন প্রতিবেদন পর্যলোচনায় দেখা যায় অদ্যাবধি শাখা পর্যায়ে সঠিক নিয়মাচার পালন করা হচ্ছে না। এ খাতে ঋণ বিতরণ ও পুনঃঅর্থায়ন দাবীর ক্ষেত্রে বিদ্যমান পরিপত্রের নির্দেশনা অনুসরণসহ নিম্লোক্ত পদক্ষেপসমূহ গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলোঃ

- **এফআইডি সার্কুলার নং ০১/২০২১ এর আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে ১০/৫০/১০০ টাকার হিসাব খোলার বিষয়ে বাংলাদেশ ব্যাংক হতে ই-মেইলের মাধ্যমে প্রেরিত সংযুক্ত কপির নির্দেশনা অনুসরণ করতে হবে ;**
- বিকেবি, ক্রেডিট বিভাগের ০৮.০৮.২০২৩ খ্রিঃ তারিখের পত্র নং ৩৩৩(১২৫০) এর নির্দেশনা মোতাবেক এ খাতে ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যক্তিগত নিশ্চয়তাপত্রের কপিতে নিশ্চয়তাকারীর দুই বৃদ্ধাঙ্গুলির ছাপ নিতে হবে (কপি সংযুক্ত);
- ১০/৫০/১০০ টাকার হিসাবধারী ঋণগ্রহীতাদের অনুকূলে ঋণ বিতরণের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগ কর্তৃক জারিকৃত ০৪.০৯.২০২২ খ্রিঃ তারিখের পত্র নং ৬৪১(১২৫০) মোতাবেক ঋণ গ্রহীতাকে মঞ্জুরিপত্র ও ঋণ পরিশোধ সংক্রান্ত পরিশোধসূচি প্রদান করতে হবে (কপি সংযুক্ত);
- মঞ্জুরিপত্রে গ্রাহকের কিস্তির সংখ্যা, গ্রেস পিরিয়ডসহ ঋণের মেয়াদ ইত্যাদি সঠিকভাবে ও স্পষ্টাকারে উল্লেখ করতে হবে ;
- আলোচ্য স্কিমের আওতায় বিতরণকৃত ঋণ হিসাবসমূহে ক্রমহ্রাসমান স্থিতিকে ভিত্তি ধরে সুদ হিসাবায়ন করা হয় বিধায় ঋণ হিসাবের প্রতিটি কিস্তি সমান হওয়ার সুযোগ নেই। এজন্য ঋণ হিসাব বিবরণীতে কিস্তির পরিমান শূন্য লিখা আবশ্যক;
- ঋণের আবেদনপত্র ও গ্রাহকদের অনুকূলে বিতরণকৃত ঋণ মঞ্জুরিপত্রের ভিন্ন ভিন্ন অনুচ্ছেদ এবং ঋণ হিসাব বিবরণীতে গ্রেস পিরিয়ডসহ ঋণের মেয়াদ অভিন্ন হতে হবে ;
- মঞ্জুরিকৃত টাকার পরিবর্তে বিতরণকৃত টাকার উপর ভিত্তি করে পুনঃঅর্থায়নের দাবী করতে হবে;
- ওয়েব পোর্টালে ঋণের তথ্য আপলোড সংক্রান্ত পত্র নং ১৪৫০(১২৫০) তারিখ-০৩.০২.২০২২ এর নির্দেশনা পুঙ্খানুপুঙ্খরূপে অনুসরণ করতে হবে (পত্রের কপি সংযুক্ত);
- পুনঃঅর্থায়ন প্রতিবেদনের পাশাপাশি সকল ঋণ মঞ্জুরিপত্র, ব্যক্তিগত নিশ্চয়তাপত্র, ঋণ হিসাব বিবরণী, ১০/৫০/১০০ টাকার হিসাব বিবরণী, গ্রাহক ও ব্যক্তিগত নিশ্চয়তাকারীর ভোটার আইডি কার্ড এবং ঋণ পরিশোধ সূচি অত্র বিভাগে প্রেরণ করতে হবে;
- শাখা কর্তৃক ঋণ বিতরণ রেজিস্টার হতে সঠিক তথ্য নিয়ে এ খাতে পুনঃঅর্থায়ন দাবী করতে হবে। পরবর্তীতে পুনঃঅর্থায়ন দাবী সংক্রান্ত কোন অনিয়ম/জটিলতা উত্থাপিত হলে তার দায় সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে।

চলমান পাতা-০২

বিষয়ঃ "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিম" এর আওতায় ঋণ বিতরণ এর ক্ষেত্রে ১০/৫০/১০০ টাকার হিসাব খোলাসহ ঋণ বিতরণ ও পুনঃঅর্থায়ন দাবীর ক্ষেত্রে যথাযথ নিয়ম পরিপালন প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিম" এর আওতায় ঋণ বিতরণ ও বাংলাদেশ ব্যাংকে পুনঃঅর্থায়ন দাবীর ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনাসমূহ সঠিক ও সুচারুভাবে পরিপালনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৩/০৬/২০২৪

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

সূত্রঃ বিকেবি/প্রকা/কৃপবি-৩২৫/২০২৩-২০২৪/ ৭১৪(৭)

তারিখঃ ০৩-০৬-২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৩/০৬/২০২৪

(মোহাম্মদ শরিফুল ইসরাম)
সহকারী মহাব্যবস্থাপক

ই-মেইলের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রেরিত কপি

Appendix B: BB Circulars used as References in this Report

| Date | Circular No. | Title |
|---|---|---|
| 17-01-2010 | BRPD Circular No.-01/2010 | Regarding the Opening of the Accounts for Farmers. |
| 08-09-2010 | BRPD Circular No.-29/2010 | Bank Accounts for the Extreme Poor |
| 02-11-2010 | BRPD Circular Letter No.-12/2010 | School Banking Accounts |
| 11-04-2011 | BRPD Circular No.-04/2011 | Bank Accounts for the Freedom Fighters |
| 19-06-2011 | BRPD Circular No.-05/2011 | Bank Accounts for Beneficiaries under Social Safety Net Program |
| 03-08-2015 | FID Circular No.-02/2015 | Opening Bank Accounts for the Dwellers of Angorpota -Dohogram and Newly Included 111 Enclaves in Bangladesh |
| 18-06-2015 | GBCSRD Circular Letter No.-07/2015 | Regarding Opening 10 Taka Accounts for Small/ Marginal/ Landless/ Natural Disaster affected Farmers and Small or Micro Traders |
| 17-12-2018 | FID Circular Letter No.-02/2018 | Conversion of the School Banking Accounts into General Savings Accounts |

Appendix C: Initial Deposits for Opening No-Frill Accounts

| | Type of No-Frill Accounts | Reference | Initial Deposits (Tk.) |
|---|---|---|---|
| 1 | Farmers | BRPD-01/2010 | 10/- |
| 2 | Extreme poor | BRPD-29/2010 | 10/- |
| 3 | Freedom fighters | BRPD-04/2011 | 10/- |
| 4 | Social Safety net allowance | BRPD-05/2011 | 10/- |
| 5 | Food & livelihood security | BRPD-17/2012 | 10/- |
| 6 | Poor rehabilitation under Ministry of Religious Affairs | GBCSRD-01/2013 | 10/- |
| 7 | City corporation cleaning workers | GBCSRD-03/2013 | 10/- |
| 8 | RMG workers | GBCSRD-05/2013 | 100/- |
| 9 | Leather Industry workers | GBCSRD-06/2013 | 100/- |
| 10 | National Service Program | BRPD-17/2010 | 50/- |
| 11 | Small Life Insurance Program | BRPD-08/2011 | 100/- |
| 12 | Blind/Physically challenged persons | GBCSRD-01/2015 | 10/- |
| 13 | Beneficiaries of Hindu Welfare Trust | BRPD-07/2011 | 10/- |
| 14 | School Banking | GBCSRD-07/2013 | 100/- |
| 15 | Street Urchin and Working Children | BRPD-05/2014 | 10/- |
| 16 | Former habitant of Sit-mahal Areas (Enclaves) | FID-02/2015 | 10/- |
| 17 | Others Categories (Not included in the above categories) | Banks' Discretion | 10/50/100/- |

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)/৩(৭)/২০২৩-২৪/ ৬৬৬ (১২৫০)

তারিখঃ ০৮/০৮/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর বিআরপিডি সার্কুলার নং-১৫, তারিখ ঃ ০২ আগস্ট ২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ( কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক এর বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখঃ ০৮ মার্চ ২০১৬ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Credit Risk Management (CRM) for Banks এর ৩.৪ নং অনুচ্ছেদে ঋণ বিতরণের পূর্বে ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহ সম্পাদন করাসহ প্রাথমিক ও সহজামানতের উপর চার্জ ক্রিয়েশনের বিষয়ে নির্দেশনা রয়েছে। তাছাড়া উক্ত গাইডলাইন্সের Annexure-1 এ ঋণ গ্রহীতা ভিত্তিক, ঋণের ধরণ ভিত্তিক এবং ঋণের জামানত ভিত্তিক গৃহীতব্য চার্জ ডকুমেন্টসমূহ তালিকা আকারে উল্লেখ করা হয়েছে, যেখানে ঋণ গ্রহীতা এবং তৃতীয় ব্যক্তি/পক্ষের স্বাক্ষর (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করা হয়ে থাকে।

০৩। মহামান্য হাইকোর্টের পর্যবেক্ষণ মোতাবেক, সাম্প্রতিক সময়ে আদালতে বেশ কিছু রিট পিটিশন দায়ের করা হচ্ছে যেখানে ঋণ গ্রহীতাগণ এবং ঋণের জামিনদাতাগণ উভয়ে যথাক্রমে ঋণ গ্রহণ এবং জামিন প্রদান সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর প্রদান করেননি মর্মে উল্লেখ করেছেন। ফলে, সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহের সঠিকতা যাচাইয়ের ক্ষেত্রে ঋণ গ্রহীতা এবং জামিনদাতার স্বাক্ষরের উপর নির্ভর করতে হয় বিধায় ঋণ আদায়ের আইনগত প্রক্রিয়া গ্রহণ বিঘ্নিত হচ্ছে।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে, ঋণ আদায়ের ক্ষেত্রে উদ্ভূত আইনগত জটিলতা নিরসনকল্পে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ঋণ প্রদানের উদ্দেশ্যে গৃহীত/গৃহীতব্য চার্জ ডকুমেন্টস এর বিষয়বস্তু ঋণ গ্রহীতা এবং জামিনদাতাসহ সংশ্লিষ্ট তৃতীয় ব্যক্তি/পক্ষকে পড়ে শুনানোর বিষয়টি নিশ্চিত করতে হবে এবং উক্ত ডকুমেন্টসমূহে স্বাক্ষরের (প্রযোজ্য ক্ষেত্রে) পাশাপাশি তাদের উভয় হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) জাতীয় পরিচয়পত্রের (NID) জন্য সংরক্ষিত ডাটাবেইজ হতে যাচাইপূর্বক তা গ্রহণ করতে হবে ।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক এর বিআরপিডি সার্কুলার নং-১৫ তারিখ ঃ ০২ আগস্ট ২০২৩ মোতাবেক ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) গ্রহণ সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

বিষয় ঃ ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) গ্রহণ প্রসঙ্গে।

প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)/ ৩(৭)/২০২৩-২৪/ ৬৫৬ (১২৫০) তারিখঃ ০৮/০৮/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৮/০৮/২০২৩

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ


বিআরপিডি সার্কুলার নং-১৫

০২ আগস্ট ২০২৩
তারিখ: -------------------
১৮ শ্রাবণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) গ্রহণ প্রসঙ্গে।**

বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখ: ০৮ মার্চ ২০১৬ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Credit Risk Management (CRM) for Banks এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত গাইডলাইন্সের ৩.৪ নং অনুচ্ছেদে ঋণ বিতরণের পূর্বে ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহ সম্পাদন করাসহ প্রাথমিক ও সহজামানতের উপর চার্জ ক্রিয়েশনের বিষয়ে নির্দেশনা রয়েছে। তাছাড়া উক্ত গাইডলাইন্সের Annexure-1 এ ঋণ গ্রহীতা ভিত্তিক, ঋণের ধরণ ভিত্তিক এবং ঋণের জামানত ভিত্তিক গৃহীতব্য চার্জ ডকুমেন্টসমূহ তালিকা আকারে উল্লেখ করা হয়েছে, যেখানে ঋণ গ্রহীতা এবং তৃতীয় ব্যক্তি/পক্ষের স্বাক্ষর (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করা হয়ে থাকে।

৩। মহামান্য হাইকোর্টের পর্যবেক্ষণ মোতাবেক, সাম্প্রতিক সময়ে আদালতে বেশ কিছু রিট পিটিশন দায়ের করা হচ্ছে যেখানে ঋণ গ্রহীতাগণ এবং ঋণের জামিনদাতাগণ উভয়ে যথাক্রমে ঋণ গ্রহণ এবং জামিন প্রদান সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর প্রদান করেননি মর্মে উল্লেখ করেছেন। ফলে, সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহের সঠিকতা যাচাইয়ের ক্ষেত্রে ঋণ গ্রহীতা এবং জামিনদাতার স্বাক্ষরের উপর নির্ভর করতে হয় বিধায় ঋণ আদায়ের আইনগত প্রক্রিয়া গ্রহণ বিঘ্নিত হচ্ছে।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, ঋণ আদায়ের ক্ষেত্রে উদ্ভূত আইনগত জটিলতা নিরসনকল্পে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ঋণ প্রদানের উদ্দেশ্যে গৃহীত/গৃহীতব্য চার্জ ডকুমেন্টস এর বিষয়বস্তু ঋণ গ্রহীতা এবং জামিনদাতাসহ সংশ্লিষ্ট ৩য় ব্যক্তি/পক্ষকে পড়ে শুনানোর বিষয়টি নিশ্চিত করতে হবে এবং উক্ত ডকুমেন্টসমূহে স্বাক্ষরের (প্রযোজ্য ক্ষেত্রে) পাশাপাশি তাদের উভয় হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) জাতীয় পরিচয়পত্রের (NID) জন্য সংরক্ষিত ডাটাবেইজ হতে যাচাইপূর্বক তা গ্রহণ করতে হবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd


নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫(রুমাবি-৩২৫)/২০২২-২০২৩/ ১৪১ (১২৫০) তারিখঃ ০৪.০৯.২০২২ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ প্রদানের জন্য মঞ্জুরিপত্র ও ঋণ পরিশোধসূচি ইস্যুকরণ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামোক্ত স্কিমের আওতায় ঋণ প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর ০৫-০৯-২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং ০১/২০২১ এর প্রেক্ষিতে অত্র ব্যাংক হতে বিগত ০৯.০৯.২০২১ খ্রিঃ তারিখে সার্কুলার লেটার নং-৪৩৪(১২৫০) জারি করা হয়েছে। উক্ত সার্কুলার এর নির্দেশনা মোতাবেক ঋণ মঞ্জুরির পর পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিভিন্ন শাখা হতে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে প্রতিবেদনসহ মঞ্জুরিপত্র অত্র বিভাগে প্রেরণ করা হয়। প্রতিবেদনের সাথে প্রেরিত মঞ্জুরিপত্র পর্যালোচনায় দেখা যায়, শাখাসমূহ হতে ভিন্ন ভিন্ন ফরম্যাটে মঞ্জুরিপত্র ইস্যু করা হয়। তাছাড়া, শাখা পর্যায়ে ঋণ গ্রহীতাকে মঞ্জুরিপত্রের সাথে ঋণ পরিশোধ সংক্রান্ত কোন পরিশোধসূচি প্রদান করা হয় না। বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন টিম কর্তৃক অত্র ব্যাংকের বিভিন্ন শাখা পরিদর্শনকালে একই সমস্যা পরিলক্ষিত হয়েছে মর্মে ক্রেডিট বিভাগকে টেলিফোনে অবগত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, উপরোক্ত সমস্যা দূরিকরণকল্পে একই ধরণের মঞ্জুরিপত্র ও নির্ধারিত পরিশোধসূচি সম্বলিত একটি নমুনা মঞ্জুরিপত্র এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উল্লেখ্য, ঋণ পরিশোধসূচির নমুনা কপিটি ০৩ মাসের গ্রেস পিরিয়ডসহ মোট ৩৯ মাস মেয়াদে ৩৬টি কিস্তিতে পরিশোধের ক্ষেত্রে প্রস্তুত করা হয়েছে। শাখাসমূহ মঞ্জুরিপত্রে উল্লিখিত গ্রেস পিরিয়ড ও কিস্তির উপর ভিত্তি করে ঋণ পরিশোধসূচি ইস্যু করবে এবং ঋণ গ্রহীতাকে মঞ্জুরিপত্রের সাথে এক কপি প্রদান করবে। এতদসংক্রান্ত কোন জটিলতা বা তথ্যানুসন্ধানের প্রয়োজন হলে অত্র বিভাগের **উর্ধ্বতন কর্মকর্তা জনাব মৌমিতা সূতার স্বপ্না ( মোবাইল নম্বর-০১৭৫১-৭৯৬৯৯৭)** এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
08.09.2022
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-০২-২২৩৩৮৮৯৪৯

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫(রুমাবি-৩২৫)/২০২২-২০২৩/ ১৪১ (১২৫০) তারিখঃ ০৪.০৯.২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

pksarkar 08.09.2022
(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

.................. শাখা

সূত্র নং ...

তারিখঃ ......................

প্রাপক..................
..................
..................

নমুনা কপি

বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর আওতায় মঞ্জুরিকৃত ঋণ।

মহোদয়,

আপনার -----------তারিখের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের এফআইডি সার্কুলার নং-০১/২০২১, তারিখঃ ০৫ সেপ্টেম্বর ২০২১ এর নির্দেশনা মোতাবেক ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ------- মাসের গ্রেস পিরিয়ড সহ ------- মাস মেয়াদে --------------- টাকা বিশেষ ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১। | ঋণ গ্রহীতার নাম | ঃ | | | |
| ০২। | পিতার নাম | ঃ | | | |
| ০৩। | মাতার নাম | ঃ | | | |
| ০৪। | পরিবারের লোক সংখ্যা | ঃ | | | |
| ০৫। | গ্রুপ নম্বর (যদি থাকে) | ঃ | | | |
| ০৬। | স্থায়ী ঠিকানা | ঃ | গ্রাম ঃ | ডাকঘর ঃ | ইউনিয়নঃ |
| | | | উপজেলা ঃ | জেলা ঃ | মোবাইল নম্বর ঃ |
| ০৭। | বর্তমান ঠিকানা | ঃ | | | |
| ০৮। | জাতীয় পরিচয়পত্র নম্বর | ঃ | | | |
| ০৯। | পেশা | ঃ | | | |
| ১০। | ঋণের উদ্দেশ্য | ঃ | | | |
| ১১। | মঞ্জুরিকৃত ঋণের পরিমান | ঃ | | | |
| ১২। | সুদের হার | ঃ | ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতিতে (Reducing Balance Method) বার্ষিক ৭.০০%। | | |
| ১৩। | ঋণের মেয়াদ | ঃ | ----------মাসের গ্রেস পিরিয়ড সহ মোট ------- (------------) মাস। | | |
| ১৪। | ঋণ পরিশোধ পদ্ধতি | ঃ | গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ------------টি মাসিক কিস্তিতে সংযুক্ত পরিশোধসূচি অনুযায়ী পরিশোধযোগ্য। উল্লেখ্য, সংযুক্ত পরিশোধসূচি অনুযায়ী কিস্তি পরিশোধ করার পর অবশিষ্ট পাওনা থাকলে তা শেষ কিস্তির সাথে সমন্বয় করা হবে। | | |
| ১৫। | ঋণ তত্ত্বধান/পরিধারণ | ঃ | শাখা কর্তৃক। | | |
| ১৬। | ১০/৫০/১০০ টাকার হিসাব নম্বর | ঃ | | | |
| ১৭। | ব্যক্তিগত নিশ্চয়তা প্রদানকারীর নাম ও ঋণ গ্রহীতার সাথে সম্পর্ক | ঃ | | | |
| ১৮। | ব্যক্তিগত নিশ্চয়তা প্রদানকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর | ঃ | | | |

উপরোক্ত শর্তসমূহ ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময়ে আরো নতুন শর্ত আরোপ করার ক্ষমতা রাখে বা মঞ্জুরিকৃত ঋণ প্রদান বন্ধ/বাতিল করার বা ঋণের সমুদয় টাকা ফেরত চাওয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষন করে। যদি উপরোক্ত শর্তাবলী গ্রহনযোগ্য হয় তাহলে অত্র মঞ্জুরিপত্রের একটি অনুলিপি "গৃহীত এবং স্থিরীকৃত" বলে স্বাক্ষর দান পূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট....................তারিখের মধ্যে ফেরত পাঠাতে হবে।

গৃহীত এবং স্থিরীকৃত

স্বাক্ষর ঃ

আপনার বিশ্বস্ত,

শাখা ব্যবস্থাপক

সংযুক্তি- -----------

# বাংলাদেশ কৃষি ব্যাংক

.................. শাখা

## ব্যক্তিগত নিশ্চয়তাপত্র

"(১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০১/২০২১, তারিখ ০৫ সেপ্টেম্বর ২০২১)" এর আওতায় বিতরিত ঋণ আদায়ের ব্যক্তিগত নিশ্চয়তা পত্র)।

আমি এই মর্মে নিশ্চয়তা প্রদান করিতেছি যে, উপরোক্ত কর্মসূচির আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক জনাব...........................................পিতা....................................মাতা.......................................... গ্রাম.........................ডাকঘর...........................ইউনিয়ন.................... উপজেলা .................................... জেলা ..................................কে প্রদত্ত ঋণ যথাসময়ে পরিশোধের বিষয়ে আমি তাকে উদ্বুদ্ধ করিব। ঋণ গ্রহীতা কর্তৃক যথাসময়ে ঋণ পরিশোধে ব্যর্থতায় আমি উক্ত ঋণ পরিশোধের ব্যবস্থা গ্রহণের নিশ্চয়তা প্রদান করিতেছি।

তারিখ ঃ

নিশ্চয়তা প্রদানকারীর স্বাক্ষর ঃ

নাম ঃ

পিতার নাম ঃ

মাতার নাম ঃ

গ্রাম ঃ

ডাকঘর ঃ

উপজেলাঃ

জেলা ঃ

# Bangladesh krishi Bank

| | |
|---|---|
| Branch Name: | ................................ |
| Client Name: | ...................................... |
| Principal Amount(BDT): | 100,000 |
| Date of Disbursement: | ...................................... |
| Interest Rate: | 7% |
| Tenure((Including grace per | 39 |
| Grace Pediod: | 3 |
| Recovery Mode: | Monthly |
| Number of Recovery Installi | 36 |

Recovery Shedule

| SL.NO. | Recovery Date | Outstanding | Interest to be Charged | Principal Amount to be deducted | Total Amount to be Deducted | Remaining Balance |
|---|---|---|---|---|---|---|
| 1 | .................... | 100000 | 2332 | 2778 | 5110 | 97222 |
| 2 | ...................... | 97222 | 567 | 2778 | 3345 | 94444 |
| 3 | ........................ | 94444 | 551 | 2778 | 3329 | 91667 |
| 4 | .................... | 91667 | 535 | 2778 | 3313 | 88889 |
| 5 | ................... | 88889 | 519 | 2778 | 3296 | 86111 |
| 6 | .................... | 86111 | 502 | 2778 | 3280 | 83333 |
| 7 | .................... | 83333 | 486 | 2778 | 3264 | 80556 |
| 8 | .................... | 80556 | 470 | 2778 | 3248 | 77778 |
| 9 | .................... | 77778 | 454 | 2778 | 3231 | 75000 |
| 10 | .................... | 75000 | 438 | 2778 | 3215 | 72222 |
| 11 | .................... | 72222 | 421 | 2778 | 3199 | 69444 |
| 12 | .................... | 69444 | 405 | 2778 | 3183 | 66667 |
| 13 | .................... | 66667 | 389 | 2778 | 3167 | 63889 |
| 14 | .................... | 63889 | 373 | 2778 | 3150 | 61111 |
| 15 | .................... | 61111 | 356 | 2778 | 3134 | 58333 |
| 16 | .................... | 58333 | 340 | 2778 | 3118 | 55556 |
| 17 | .................... | 55556 | 324 | 2778 | 3102 | 52778 |
| 18 | .................... | 52778 | 308 | 2778 | 3086 | 50000 |
| 19 | .................... | 50000 | 292 | 2778 | 3069 | 47222 |
| 20 | .................... | 47222 | 275 | 2778 | 3053 | 44444 |
| 21 | .................... | 44444 | 259 | 2778 | 3037 | 41667 |
| 22 | .................... | 41667 | 243 | 2778 | 3021 | 38889 |
| 23 | .................... | 38889 | 227 | 2778 | 3005 | 36111 |
| 24 | .................... | 36111 | 211 | 2778 | 2988 | 33333 |
| 25 | .................... | 33333 | 194 | 2778 | 2972 | 30556 |
| 26 | .................... | 30556 | 178 | 2778 | 2956 | 27778 |
| 27 | .................... | 27778 | 162 | 2778 | 2940 | 25000 |
| 28 | .................... | 25000 | 146 | 2778 | 2924 | 22222 |
| 29 | .................... | 22222 | 130 | 2778 | 2907 | 19444 |
| 30 | .................... | 19444 | 113 | 2778 | 2891 | 16667 |
| 31 | .................... | 16667 | 97 | 2778 | 2875 | 13889 |
| 32 | .................... | 13889 | 81 | 2778 | 2859 | 11111 |
| 33 | .................... | 11111 | 65 | 2778 | 2843 | 8333 |
| 34 | .................... | 8333 | 49 | 2778 | 2826 | 5556 |
| 35 | .................... | 5556 | 32 | 2778 | 2810 | 2778 |
| 36 | .................... | 2778 | 16 | 2778 | 2794 | 0 |

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd
ক্রেডিট বিভাগ


সূত্রনং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫(রুমাবি-৩২৫)/২০২১-২০২২/ ১৪৫০(১২৫০) তারিখঃ- ০৩ ফেব্রুয়ারি,২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০১/২০২১, তারিখ ০৫ সেপ্টেম্বর ২০২১) এর আওতায় বিতরিত ঋণসমূহ Web Portal এ এন্ট্রি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০১/২০২১, তারিখ ০৫ সেপ্টেম্বর ২০২১ এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের ০৯-০৯-২০২১ তারিখের পত্র নং প্রকা/ক্রেবি/(শাখা-৫) রুমাবি-৩৩৮/২০২১-২০২২/৪৩৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত সার্কুলার মোতাবেক ৫০০ (পাঁচশত) কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে ২০২২ পঞ্জিকাবর্ষে (জানুয়ারি/২০২২ হতে ডিসেম্বর/২০২২) তারিখ পর্যন্ত ৫০ (পঞ্চাশ) কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে, যা অত্র বিভাগের ১০-১০-২০২১ তারিখের প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫(রুমাবি-৩২৫)/২০২১-২০২২/৬৫৪ নম্বর পত্র মারফত মাঠ কার্যালসমূহকে বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে (কপি সংযুক্ত)। লক্ষ্যমাত্রার বিপরীতে বিতরণকৃত ঋণসমূহ দৈনিক ভিত্তিতে Web Portal এ এন্ট্রি প্রদানের জন্য অনুরোধ করা হলো;

এ সংক্রান্ত কতিপয় নির্দেশনা নিম্নরূপঃ

(ক) এ সার্কুলারের আওতায় চলতি মূলধন আকারে কোন ঋণ বিতরণ করা যাবে না। প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫(রুমাবি-৩৩৮)/২০২১-২০২২/১০২৭ তারিখ: ০৮-১২-২০২১ মোতাবেক এফআইডি-০১ এর আওতায় বিতরণকৃত ১৮ মাস মেয়াদ পর্যন্ত ঋণসমূহ ১০১/২৯ খাতে সিবিএস এ ১১২৯ কোড এবং ১৮ মাসের অধিক মেয়াদের সকল ঋণ ১০২/৩২খাতে সিবিএস এ ১২৩২ কোড ব্যবহার করে ঋণ হিসাব খুলতে হবে। এক্ষেত্রে ঋণ গ্রহীতা উক্ত ঋণ হিসাবে লেনদেন করতে পারবেনা ;

(খ) এফআইডি-০১ এর আওতায় বিতরণকৃত ঋণের জন্য শাখায় আলাদা রেজিষ্টার ব্যবহার করতে হবে এবং মাস শেষে রেজিষ্টারের যোগফলের সাথে দাবীকৃত পুনঃঅর্থায়নের যোগফল সমান হতে হবে;

(গ) **এফআইডি-০১ এর আওতায় বিতরণকৃত ঋণসমূহ ঋণ বিতরণের ০৫ (পাঁচ) দিনের মধ্যে BKB Web Portal এ এন্ট্রি দিতে হবে। দাবীকৃত পুনঃঅর্থায়নের যোগফলের সাথে Web Portal এ এন্ট্রিকৃত ঋণসমূহের যোগফল সমান হতে হবে। Web Portal এ খাতভিত্তিক ঋণ বিতরণের তথ্য অত্যন্ত সতর্কতা অবলম্বন করে দৈনিক ভিত্তিতে এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে। Web Portal এর খাতভিত্তিক তথ্যই চূড়ান্ত বলে গণ্য করা হবে;**

(ঘ) **১লা জানুয়ারী ২০২২ হতে এফআইডি-০১ এর আওতায় বিতরণকৃত ঋণসমূহ ১০ ফেব্রুয়ারির মধ্যে BKB Web Portal এ এন্ট্রি দেওয়ার জন্য অনুরোধ করা হলো;**

(ঙ) এ সার্কুলারের আওতায় ঋণ বিতরণ না করে/অন্য খাতে ঋণ বিতরণ করে পুনঃঅর্থায়নের জন্য দাবী করা যাবেনা;

(চ) **নির্ধারিত সময় সীমার মধ্যে ঋণ বিতরণ করে মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক থেকে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে শাখা কর্তৃক গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের বিস্তারিত তথ্য ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য/দলিলাদিসহ এবং বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত এক্সএল ফরমেটে (সংযোজনী-খ) ঋণ বিতরণ বিবরণী (Web Portal এর সাথে মিল রেখে) মাসান্তে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে শাখা থেকে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ ও কর্পোরেট শাখাসমূহের বিবরণী ০৬ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে, বিভাগীয় কার্যালয়সমূহের বিবরণী এবং স্থানীয় মুখ্য কার্যালয়ের বিবরণী (Web Portal এর সাথে মিল রেখে) ০৭ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। কোন কারণে পুনঃঅর্থায়নের জন্য দাবী করা না হলে পরবর্তীতে তা দাবী করা যাবেনা এবং এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে। কোন অবস্থাতেই শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ ও কর্পোরেট শাখাসমূহ সরাসরি ক্রেডিট বিভাগে বিবরণী না পাঠানোর জন্য অনুরোধ করা হলো;**

চলমান পাতা-০২

বিষয়ঃ ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০১/২০২১, তারিখ ০৫ সেপ্টেম্বর ২০২১) এর আওতায় বিতরিত ঋণসমূহ **Web Portal** এ এন্ট্রি প্রদান প্রসঙ্গে।

(ছ) এ সার্কুলারের আওতায় বিতরণকৃত ঋণের মেয়াদ, পরিমাণ ও সুদের হার মঞ্জুরিপত্রে, ঋণ হিসাব বিবরণীতে এবং পুনঃঅর্থায়ন প্রতিবেদনে একই হতে হবে। বিভাগীয় কার্যালয়সমূহ মাসান্তে বিতরণকৃত ঋণসমূহের মধ্যে শীর্ষ ২৫ টি ঋণের মঞ্জুরীপত্র, ঋণ হিসাব বিবরণী ও জাতিয় পরিচয়পত্রের সফ্টকপিসমূহ ইমেইল যোগে dgmppd@krishibank.org.bd তে প্রদানের জন্য অনুরোধ করা হলো;

(জ) প্রতি ত্রৈমাসিক শেষে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত এক্সএল ফরমেটে (সংযোজনী-ক) ত্রৈমাসিক বিবরণী ত্রৈমাসান্তে ১০ তারিখের মধ্যে শাখা থেকে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ ও কর্পোরেট শাখাসমূহের উক্ত বিবরণী ১১ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে, বিভাগীয় কার্যালয়সমূহ সংকলিত বিবরণী এবং স্থানীয় মুখ্য কার্যালয়ের বিবরণী ১২ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। কোন অবস্থাতেই শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ ও কর্পোরেট শাখাসমূহ সরাসরি ক্রেডিট বিভাগে বিবরণী না পাঠানোর জন্য অনুরোধ করা হলো;

০৩। এমতাবস্থায়, বর্ণিত সার্কুলারের নীতিমালা অনুসরণপূর্বক এখাতের জন্য বরাদ্দকৃত ৫০.০০(পঞ্চাশ) কোটি টাকা বিতরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এতদ্বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ পারভেজ কাওসার সরকার (মোবাইল নাম্বার ০১৯১১০৪৪৯৪০) এর সাথে যোগাযোগের জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বনর্ণামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

সূত্র নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫(রুমাবি-৩২৫)/২০২১-২০২২/১৪৫০(১২৫০) তারিখঃ-০৩ ফেব্রুয়ারি,২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিংবিভাগ, বিকেবি, প্রধানকার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক